- সূর্য থেকে আগত রশ্মির 60% দ্বারা ভূপৃষ্ঠ ও বায়ুমণ্ডল উত্তপ্ত হয়। বায়ুমণ্ডল দ্বারা প্রতিফলিত হয়ে মহাশূন্যে ফিরে যাওয়া 40% সূর্যরশ্মিকে অ্যালবেডো বলে।
- চারদিকে অপেক্ষাকৃত শীতল গ্রামাঞ্চল দ্বারা বেষ্টিত উষ্ণ শহরাঞ্চলকে সাধারণত হিট আইল্যান্ড বলে।
- 1992 খ্রি. ব্রাজিলের রিও-ডি-জেনিরোতে পৃথিবীর 130টি দেশ, রাষ্ট্রসংঘের বসুন্ধরা সম্মেলনে, পরিবেশ বিষয়ক 21টি কর্মসূচি রূপায়ণের সিদ্ধান্ত নেয়। এটিই 'এজেন্ডা 21' নামে পরিচিত।
- সূর্য প্রতি সেকেন্ডে 4.5 × 1023 KJ শক্তি বিকিরণ করে। পৃথিবীতে এই সৌরশক্তি মূলত অবলোহিত রশ্মি ও দৃশ্যমান আলো হিসেবে, যার 0.1% শক্তি আমাদের সমস্ত শক্তির চাহিদা পূরণ করতে পারে।
- সৌরপ্যানেলের একটি মডিউল প্রায় 100-320 ওয়াট ক্ষমতা সরবরাহ করতে পারে।
- অপ্রচলিত শক্তিগুলির মধ্যে আরেকটি হল সমুদ্র তাপশক্তি। সমুদ্রের পৃষ্ঠে ও গভীর স্তরে উষ্ণতা সমান হয় না। সূর্যকিরণ দ্বারা সরাসরি উত্তপ্ত হয় বলে পৃষ্ঠতলের উষ্ণতা গভীরে থাকা স্তরগুলির তুলনায় বেশি। এই দুই স্তরের উষ্ণতার পার্থক্যের কারণে একপ্রকার শক্তির বাহ্যিক প্রকাশ দেখা যায়, যা আহরণের জন্য বিশেষ ধরনের শক্তি রূপান্তর ব্যবস্থা (Ocean Thermal Energy Conversion Power Plants or OTEC Power Plants) ব্যবহার করা হয়। আর এই শক্তিটির নাম হল সমুদ্র তাপশক্তি। দুই স্তরের উষ্ণতার পার্থক্য 20°C বা তার বেশি।
- ভারতবর্ষের ভূতাপীয় শক্তি উৎপাদন কেন্দ্রগুলির মধ্যে উল্লেখযোগ্য হল হিমাচল প্রদেশের পার্বতী নদী উপত্যকার মণিকরণ, ছত্তিশগড়ের তাতাপানি, গুজরাটের কাম্বে, লাদাখের পুরা উপত্যকা ইত্যাদি।
- যার মধ্যে লাদাখের পুগা উপত্যকায় 45 MW বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা করা হয়েছে।
- পশ্চিমবঙ্গের বক্রেশ্বরে ভূতাপশক্তি থেকে উৎপন্ন তাপবিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন ক্ষমতা 11050 মেগাওয়াট।
- ভারতে প্রায় 2,00,000 টি বায়োগ্যাস প্ল্যান্ট রয়েছে। ইউরোপ মহাদেশ ও আমেরিকা যুক্তরাষ্ট্রের বিভিন্ন দেশে এই পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন করা হয়।
- নির্মল জ্বালানি বা Clean Fuelগুলি ধোঁয়াহীন শিখায় জ্বলে, ছাই উৎপন্ন করে না এবং কম বায়ুদূষণ ঘটায়। বায়োগ্যাস, LPG , CNG— এগুলি সবই Clean Fuel-এর উদাহরণ।
- আমাদের দেশে জঙ্গলের আদিবাসীরা জ্যাট্রোফা গাছের বীজ থেকে উৎপন্ন তেল গার্হস্থ্য প্রয়োজনে ব্যবহার করে আসছে। বর্তমানে ভারতবর্ষে এই তেল থেকে বায়োডিজেল তৈরি করা হয়।
- সূর্যরশ্মির আপতন অভিমুখের সঙ্গে লম্বভাবে অবস্থিত পৃষ্ঠের কোনো উন্মুক্ত স্থানে একক সময়ে প্রতি একক ক্ষেত্রফলে আপতিত সৌরশক্তিকে বলা হয়, সৌরধ্রুবক বা Solar Constant যার মান হয় প্রায় 1.4 KW/m^2
- 1 বছরে ভারতবর্ষে আপতিত সৌরশক্তি প্রায় 5,000 ট্রিলিয়ন কিলোওয়াট-ঘণ্টা শক্তির সমতুল্য। মেঘমুক্ত পরিবেশে আপতিত সৌরশক্তির মান দৈনিক 4 থেকে 7 KWh-2-এর মধ্যে থাকে।

বহুবিকল্পভিত্তিক প্রশ্নোত্তর প্রশ্নমান 1

1. ভূপৃষ্ঠ থেকে বায়ুমণ্ডলের উচ্চতার মান—
ⓐ 1600 কিমি ⓑ 800 ফুট
ⓒ 1000 মিটার ⓓ 750 মিটার
উঃ a

2. বায়ুমণ্ডলে সবচেয়ে বেশি পরিমাণে আছে—
ⓐ অক্সিজেন ⓑ নাইট্রোজেন
ⓒ ধূলিকণা ⓓ জলীয় বাষ্প
উঃ b

3. ভূপৃষ্ঠে বায়ুর চাপের মান (বায়ুমণ্ডলীয় চাপ এককে)—
ⓐ 1·013 ⓑ 10^{-3} ⓒ 10^{-11} ⓓ 76
উঃ a

4. বায়ুমণ্ডলের বিভিন্ন স্তরের চাপ হ্রাসের সঠিক ক্রম হল—
ⓐ স্ট্র্যাটোস্ফিয়ার > মেসোস্ফিয়ার > ট্রপোস্ফিয়ার > থার্মোস্ফিয়ার
ⓑ মেসোস্ফিয়ার > থার্মোস্ফিয়ার > স্ট্র্যাটোস্ফিয়ার > ট্রপোস্ফিয়ার
ⓒ ট্রপোস্ফিয়ার > স্ট্র্যাটোস্ফিয়ার > মেসোস্ফিয়ার > থার্মোস্ফিয়ার
ⓓ থার্মোস্ফিয়ার > মেসোস্ফিয়ার > স্ট্র্যাটোস্ফিয়ার > ট্রপোস্ফিয়ার
উঃ c

5. বায়ুমণ্ডলের সর্বনিম্ন স্তরটি হল—
ⓐ ট্রপোস্ফিয়ার ⓑ মেসোস্ফিয়ার
ⓒ থার্মোস্ফিয়ার ⓓ স্ট্র্যাটোস্ফিয়ার
উঃ a

6. ট্রপোস্ফিয়ারে প্রতি কিমি উচ্চতা বৃদ্ধিতে উষ্ণতা—
ⓐ 6°C হারে কমে ⓑ 6·4°C হারে কম
ⓒ 5°C হারে কমে ⓓ 5·4°C হারে কমে
উঃ b

7. বায়ুমণ্ডলের কোন্ অংশে উষ্ণতা অপরিবর্তিত থাকে?
ⓐ ট্রপোস্ফিয়ার ⓑ মেসোস্ফিয়ার
ⓒ ট্রপোপজ ⓓ স্ট্র্যাটোস্ফিয়ার
উঃ c

8. বায়ুমণ্ডলের যে স্তরে ঝড়-বৃষ্টি হয়, তার নাম হল—
ⓐ স্ট্র্যাটোস্ফিয়ার ⓑ মেসোস্ফিয়ার
ⓒ থার্মোস্ফিয়ার ⓓ ট্রপোস্ফিয়ার
উঃ d

9. বায়ুমণ্ডলের কোন্ স্তর জলচক্র ও উষ্ণতা নিয়ন্ত্রণ করে?
ⓐ স্ট্র্যাটোস্ফিয়ার ⓑ থার্মোস্ফিয়ার
ⓒ ট্রপোস্ফিয়ার ⓓ মেসোস্ফিয়ার
উঃ c

10. কোন্ স্তরে জলীয় বাষ্পের পরিমাণ সর্বোচ্চ—
ⓐ ট্রপোস্ফিয়ার ⓑ স্ট্র্যাটোস্ফিয়ার
ⓒ থার্মোস্ফিয়ার ⓓ মেসোস্ফিয়ার
উঃ a

11. পৃথিবীর আবহাওয়া গঠনকারী বেশিরভাগ ঘটনা ঘটে থাকে __________ অঞ্চলে।
ⓐ স্ট্র্যাটোস্ফিয়ার ⓑ ওজোনোস্ফিয়ার
ⓒ ট্রপোস্ফিয়ার ⓓ এক্সোস্ফিয়ার
উঃ c

12. বৈপরীত্য উত্তাপ লক্ষ করা যায় —
ⓐ আয়োনোস্ফিয়ারে ⓑ এক্সোস্ফিয়ারে
ⓒ স্ট্র্যাটোস্ফিয়ারে ⓓ ট্রপোস্ফিয়ারে
উঃ d

13. বায়ুমণ্ডলের যে স্তরটির ঘনত্ব সবচেয়ে বেশি, তা হল—
ⓐ ট্রপোস্ফিয়ার ⓑ স্ট্র্যাটোস্ফিয়ার
ⓒ থার্মোস্ফিয়ার ⓓ মেসোস্ফিয়ার
উঃ a

14. স্ট্র্যাটোপজ এর উষ্ণতা হল —
ⓐ 0°C ⓑ 50°C
ⓒ –50°C ⓓ 100°C
উঃ a

15. বায়ুমণ্ডলের শীতলতম স্তরটি হল—
ⓐ স্ট্র্যাটোস্ফিয়ার ⓑ মেসোস্ফিয়ার
ⓒ ট্রপোস্ফিয়ার ⓓ থার্মোস্ফিয়ার
উঃ b

16. বায়ুমণ্ডলের সর্বনিম্ন উষ্ণতার মান—
ⓐ 10°C ⓑ 0°C ⓒ –50°C ⓓ –93°C
উঃ c

17. কোন্ স্তরে থেকে কৃত্রিম উপগ্রহগুলি পৃথিবীকে আবর্তন করে?
ⓐ ট্রপোস্ফিয়ার ⓑ এক্সোস্ফিয়ার
ⓒ থার্মোস্ফিয়ার ⓓ মেসোস্ফিয়ার
উঃ b

18. বায়ুমণ্ডলের উষ্ণতম স্তরটি হল—
ⓐ এক্সোস্ফিয়ার ⓑ ওজোনোস্ফিয়ার
ⓒ থার্মোস্ফিয়ার ⓓ আয়োনোস্ফিয়ার
উঃ a

19. বায়ুমণ্ডলের ওজোনস্তর যে রশ্মিকে শোষণ করে, তা হল—
ⓐ আলোক ⓑ তাপ
ⓒ অতিবেগুনি ⓓ গামা
উঃ c

20. **মেরুজ্যোতি যে বায়ুস্তরে দেখা যায়, তা হল—**
ⓐ ট্রপোস্ফিয়ার ⓑ স্ট্র্যাটোস্ফিয়ার
ⓒ আয়োনোস্ফিয়ার ⓓ এক্সোস্ফিয়ার
উঃ c

21. **বায়ুমণ্ডলের যে স্তরে হাইড্রোজেন, হিলিয়াম প্রভৃতি গ্যাস আয়নিত অবস্থায় থাকে—**
ⓐ স্ট্র্যাটোস্ফিয়ার ⓑ ওজোনোস্ফিয়ার
ⓒ ম্যাগনেটোস্ফিয়ার ⓓ আয়নোস্ফিয়ার
উঃ d

22. **বায়ুমণ্ডলের যে স্তরটি বেতার যোগাযোগে সাহায্য করে সেটি হল—**
ⓐ ওজোনোস্ফিয়ার ⓑ আয়নোস্ফিয়ার
ⓒ ট্রপোস্ফিয়ার ⓓ স্ট্র্যাটোস্ফিয়ার
উঃ b

23. **আয়নোস্ফিয়ারের উর্ধ্বসীমার উষ্ণতা—**
ⓐ 100°C ⓑ 500°C
ⓒ 1200°C ⓓ 1000°C
উঃ c

24. **বায়ুমণ্ডলের সর্বোচ্চ বা উর্ধ্বতম স্তরটি হল—**
ⓐ এক্সোস্ফিয়ার ⓑ থার্মোস্ফিয়ার
ⓒ মেসোস্ফিয়ার ⓓ ম্যাগনেটোস্ফিয়ার
উঃ d

25. **বায়ুমণ্ডলের যে স্তরটির ঘনত্ব সবচেয়ে কম—**
ⓐ মেসোস্ফিয়ার ⓑ ট্রপোস্ফিয়ার
ⓒ থার্মোস্ফিয়ার ⓓ ম্যাগনেটোস্ফিয়ার
উঃ d

26. **সাধারণভাবে ওজোনস্তর গঠিত হয়—**
ⓐ CFC এর সাথে O_2 এর ক্রিয়ায়
ⓑ UV রশ্মির সাথে O_2 এর ক্রিয়ায়
ⓒ IR রশ্মির সাথে অক্সিজেনের ক্রিয়ায়
ⓓ অক্সিজেন ও জলীয় বাষ্পের ক্রিয়ায়
উঃ b

27. **প্রাকৃতিক সৌরপর্দা হল—**
ⓐ ওজোনস্তর ⓑ অক্সিজেন স্তর
ⓒ আর্গন ⓓ নাইট্রোজেন
উঃ a

28. **নীচের কোনটি ওজোনস্তরকে ক্ষয় করে না?**
ⓐ NO ⓑ N_2O
ⓒ CO_2 ⓓ CFC
উঃ c

29. **বায়ুমণ্ডলের ওজোনস্তর বিনাশে সবচেয়ে বেশি দায়ী কে?**
ⓐ নাইট্রাস অক্সাইড ⓑ মিথেন
ⓒ CFC ⓓ হ্যালোন
উঃ c

30. **হিমায়ক যন্ত্রে ওজোনস্তর বিনাশকারী কোন্ গ্যাস বর্তমান?**
ⓐ N_2O ⓑ CFC
ⓒ CCl_4 ⓓ NO
উঃ b

31. **নীচের গ্রিনহাউস গ্যাসগুলির উষ্ণকরণ ক্ষমতার সঠিক ক্রম হল–**
ⓐ $CO_2 > CH_4 > CFC > O_3$
ⓑ $CFC > O_3 > CH_4 > CO_2$
ⓒ $O_3 > CH_4 > CFC > CO_2$
ⓓ $CH_4 > CO_2 > O_3 > CFC$
উঃ b

32. **সর্বাধিক গ্রিনহাউস প্রভাব সৃষ্টিকারী গ্যাস হল–**
ⓐ CO_2 ⓑ CFC
ⓒ CH_4 ⓓ N_2O
উঃ a

33. **প্রকৃতিতে মিথেন গ্যাসের সবচেয়ে বড়ো উৎস হল–**
ⓐ জলাভূমিতে থাকা অণুজীবদের অবাত শ্বসন
ⓑ উষ্ণ প্রস্রবণের ব্যাকটেরিয়ার গঠন প্রক্রিয়া
ⓒ আগ্নেয়গিরির উদগীরণ
ⓓ উন্নত জীবদের সবাত শ্বসন
উঃ a

34. **পরিবেশের নাইট্রাস অক্সাইডের উপস্থিতির প্রধান উৎস হল–**
ⓐ অ্যামোনিফিকেশন ⓑ নাইট্রিফিকেশন
ⓒ ডিনাইট্রিফিকেশন ⓓ ডি-অ্যামোনিফিকেশন
উঃ c

35. **কোন্ গ্রিনহাউস গ্যাসের উষ্ণকরণ ক্ষমতা সর্বাধিক?**
ⓐ CO_2 ⓑ CH_4
ⓒ N_2O ⓓ CFC
উঃ d

36. **বিশ্ব উষ্ণায়নের প্রধান কারণ হল–**
ⓐ CFC নির্গমন ⓑ CH_4 নির্গমন
ⓒ জীবাশ্মজ্বালানির দহন ⓓ CFC নির্গমন
উঃ c

37. **বিশ্ব উষ্ণায়নে CO_2 এর অবদান–**
ⓐ 10% ⓑ 30%
ⓒ 50% ⓓ 80%
উঃ c

38. বিশ্ব উষ্ণায়নের সবচেয়ে ক্ষতিকর প্রভাব–
ⓐ সমুদ্রপৃষ্ঠের গড় উচ্চতা বৃদ্ধি
ⓑ ফসলের উৎপাদন হ্রাস
ⓒ পানীয় জলের যোগান হ্রাস
ⓓ দাবানলের প্রকোপ বৃদ্ধি
উঃ a

39. একটি জীবাশ্ম জ্বালানি হল–
ⓐ কয়লা ⓑ জল
ⓒ গোবর ⓓ ইউরেনিয়াম
উঃ a

40. কোন্ জীবাশ্ম জ্বালানির তাপনমূল্য বেশি?
ⓐ কয়লা ⓑ ডিজেল
ⓒ প্রাকৃতিক গ্যাস ⓓ রান্নার গ্যাস
উঃ d

41. কয়লার তাপনমূল্যের মান–
ⓐ 25-30 KJ/g ⓑ 25-30 KJ/Kg
ⓒ 25 J/g ⓓ 30 J/Kg
উঃ a

42. প্রদত্ত জ্বালানিগুলির তাপনমূল্য সংক্রান্ত সঠিক ক্রমটি হল–
ⓐ কয়লা < ডিজেল < হাইড্রোজেন < LPG
ⓑ কয়লা < হাইড্রোজেন < ডিজেল < LPG
ⓒ কয়লা < ডিজেল < LPG < হাইড্রোজেন
ⓓ কয়লা < LPG < ডিজেল < হাইড্রোজেন
উঃ c

43. জীবাশ্ম জ্বালানিগুলির মধ্যে সবচেয়ে কম দূষণ ঘটায়–
ⓐ ডিজেল ⓑ কয়লা
ⓒ কেরোসিন ⓓ প্রাকৃতিক গ্যাস
উঃ d

44. অনবীকরণযোগ্য শক্তি উৎসের উদাহরণ হল–
ⓐ অ্যালকোহল ⓑ হাইড্রোজেন গ্যাস
ⓒ বায়োগ্যাস ⓓ পেট্রোল
উঃ d

45. প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান–
ⓐ মিথেন ⓑ ইথেন ⓒ প্রোপেন ⓓ বিউটেন
উঃ a

46. একটি অপ্রচলিত শক্তির উৎস হল–
ⓐ LPG ⓑ বায়োগ্যাস
ⓒ ডিজেল ⓓ ওয়াটার গ্যাস
উঃ b

47. নবীকরণযোগ্য শক্তি উৎসের উদাহরণ–
ⓐ রান্নার গ্যাস ⓑ জ্বালানি কাঠ
ⓒ প্রাকৃতিক গ্যাস ⓓ কয়লা
উঃ b

48. বয়োফুয়েলের একটি উদাহরণ হল–
ⓐ কয়লা ⓑ পেট্রোল
ⓒ ডিজেল ⓓ গোবর
উঃ d

49. মিথানোজেনিক ব্যাকটিরিয়ার বিপাক ক্রিয়ার ফলে যে গ্যাস উৎপন্ন হয়, তা হল–
ⓐ CO_2 ⓑ CH_4
ⓒ O_2 ⓓ C_2H_6
উঃ b

50. মিথানোজেনিক ব্যাকটেরিয়ার উদাহরণ হল–
ⓐ মিথানোকক্কাস ⓑ মিথানোব্যাকটিরিয়াম
ⓒ a ও b উভয়ই ⓓ কোনোটি নয়
উঃ c

51. মিথেন হাইড্রেটের সংকেত হল–
ⓐ $CH_3 \cdot H_2O$ ⓑ $4CH_3 \cdot 23H_2O$
ⓒ CH_3OH ⓓ $4CH_4 \cdot 23H_2O$
উঃ d

52. Fire ice হল–
ⓐ CO_2 ⓑ মিথেন
ⓒ মিথেন হাইড্রেট ⓓ মিথানল
উঃ c

শূন্যস্থান পূরণ করো — প্রশ্নমান 1

1. ট্রপোস্ফিয়ারে উচ্চতা বাড়ার সঙ্গে সঙ্গে উষ্ণতা ______। [কমে]
2. ঘনমণ্ডলের অপর নাম ______। [ক্ষুব্ধমণ্ডল]
3. ট্রপোস্ফিয়ারের উপরের বায়ুস্তরকে ______ বলে। [স্ট্র্যাটোস্ফিয়ার]
4. স্ট্র্যাটোস্ফিয়ারে ______গ্যাসের আধিক্যের জন্য উচ্চতা বৃদ্ধির সাথে উষ্ণতা বৃদ্ধি পায়। [ওজোন]
5. 'পৃথিবীর ছাতা' ও 'প্রাকৃতিক সানস্ক্রিন' নামে পরিচিত বায়ুমণ্ডলের ______ স্তর। [ওজোন]
6. সমুদ্রপৃষ্ঠ থেকে যত উপরে ওঠা যায় বায়ুস্তরের ______ তত কম হয়। [ঘনত্ব]
7. কেনেলি হেভিসাইড স্তরটি ______ স্তরের অন্তর্গত। [আয়নোস্ফিয়ার]
8. বায়ুমণ্ডলের ______ স্তরে প্রোটন ও ইলেকট্রন আছে। [ম্যাগনেটোস্ফিয়ার]
9. আয়নোস্ফিয়ারে গড় উষ্ণতা প্রায় ______। [1100°C]
10. পৃথিবীর গড় উষ্ণতা বৃদ্ধির পরিমাণ প্রতিবছর ______। [0.05°C]
11. বায়ুমণ্ডলের ______ স্তরের নীচের অংশ আয়নমণ্ডল নামে পরিচিত। [থার্মোস্ফিয়ার]
12. পৃথিবীর ______ অঞ্চলের ওজোনস্তর বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। [মেরু]

13. বায়ুমণ্ডলের ওজোন গ্যাসের ঘনত্বকে ______ এককে প্রকাশ করা হয়। [ডবসন (DU)]
14. CFC অণুর ভূপৃষ্ঠ থেকে বিকিরিত তাপকে আটকে রাখার ক্ষমতা CO_2 অণুর তুলনায় প্রায় ______ গুণ বেশি। [1000]
15. সুপারসনিক বিমান থেকে নির্গত যে গ্যাস ওজোন স্তরকে ভেঙে দেয় সেই গ্যাসটি হল ______। [নাইট্রিক অক্সাইড]
16. বায়ুমণ্ডলের সর্বনিম্ন উষ্ণতা হল ______। [–92°C]
17. বডি স্প্রেতে থাকা ______ গ্যাস গ্রিনহাউস গ্যাস। [CFC]
18. ______ গ্যাসের উষ্ণকরণ ক্ষমতা সর্বাধিক। [CFC]
19. CFC এর সম্পূর্ণ কথাটি হল ______। [ক্লোরোফ্লুরোকার্বন]
20. CH_4 অণুর ভূপৃষ্ঠ থেকে বিকিরিত তাপকে আটকে রাখার ক্ষমতা CO_2 অণুর তুলনায় প্রায় ______ গুণ বেশি। [25]
21. গ্রিনহাউস এফেক্টের ফলে ____________ ঘটছে। [বিশ্ব উষ্ণায়ন]

সত্য–মিথ্যা নির্বাচন করো (প্রশ্নমান 1)

1. মেরুপ্রভা দেখা যায় আয়নোস্ফিয়ারে। [মিথ্যা]
2. বায়ুমণ্ডলের সবচেয়ে ভারী ও ঘন স্তর স্ট্র্যাটোস্ফিয়ার। [মিথ্যা]
3. ট্রপোস্ফিয়ারে প্রতি 1000 মিটার উচ্চতা বৃদ্ধিতে 6.4°C উষ্ণতা হ্রাস পায়। [সত্য]
4. বায়ুতে নাইট্রোজেনের পরিমাণ আয়তনগতভাবে 78.09%। [সত্য]
5. থার্মোস্ফিয়ারের উষ্ণতা –92°C থেকে 1200°C পর্যন্ত বাড়ে। [সত্য]
6. স্ট্র্যাটোস্ফিয়ার স্তরের মধ্য দিয়ে জেট বিমান চলাচল করে। [সত্য]
7. শান্তমণ্ডল বলা হয় এক্সোস্ফিয়ারকে। [মিথ্যা]
8. হেটেরোস্ফিয়ারের অন্তর্গত স্তরগুলি হল থার্মোস্ফিয়ার ও এক্সোস্ফিয়ার। [সত্য]
9. দিনেরবেলা সমুদ্র বায়ু প্রবাহিত হয়। [সত্য]
10. আয়নোস্ফিয়ার থার্মোস্ফিয়ারের অংশ [সত্য]
11. স্ট্র্যাটোস্ফিয়ারের ঊর্ধ্বসীমায় বায়ুর উষ্ণতা – 64°C। [মিথ্যা]
12. একটি ক্লোরিন পরমাণু প্রায় 1 লক্ষ ওজোন অণুকে ধ্বংস করতে পারে। [সত্য]
13. জেট বিমানের বর্জ্য গ্যাসে প্রচুর নাইট্রিক অক্সাইড থাকে। [সত্য]
14. অক্সিজেন অণু UV রশ্মির প্রভাবে বিয়োজিত হয়ে অক্সিজেন পরমাণুতে পরিণত হয়। [সত্য]
15. প্রধান গ্রিনহাউস গ্যাস CFC। [মিথ্যা]
16. গ্রিনহাউস প্রভাব সৃষ্টিতে মিথেন, CFC ও ওজোন গ্যাসের অবদান যথাক্রমে 18%, 14%, 8%। [সত্য]
17. গ্রিনহাউস এফেক্টের জন্য দায়ী দুটি গ্যাস হল নাইট্রোজেন ও অক্সিজেন। [মিথ্যা]

স্তম্ভ মেলাও (প্রশ্নমান 1)

1. বামস্তম্ভের সঙ্গে ডানস্তম্ভ মেলাও:

	বামস্তম্ভ		ডানস্তম্ভ
1	প্রধান গ্রিনহাউস গ্যাস	(A)	– 92°C
2	জৈব গ্রিনহাউস গ্যাস	(B)	1200°C
3	মেসোপজ অংশের উষ্ণতা	(C)	CO_2
4	থার্মোস্ফিয়ার অংশের সর্বোচ্চ উষ্ণতা	(D)	মিথেন

উত্তর (1)→(c); (2)→(D); (3)→(A); (4)→(C);

2. বামস্তম্ভের সঙ্গে ডানস্তম্ভ মেলাও:

	বামস্তম্ভ		ডানস্তম্ভ
1	সুপারসনিক জেট	(A)	CFC
2	ভ্যান অ্যালেন বিকিরণ বলয়	(B)	স্ট্র্যাটোস্ফিয়ার
3	ত্বক ক্যানসার	(C)	অতিবেগুনি রশ্মি
4	ওজোন স্তর ক্ষয়	(D)	ম্যাগনেটোস্ফিয়ার

উত্তর (1)→(B); (2)→(D); (3)→(C); (4)→(A);

3. বামস্তম্ভের সঙ্গে ডানস্তম্ভ মেলাও:

	বামস্তম্ভ		ডানস্তম্ভ
1	স্থির উষ্ণতা	(A)	ট্রোপোস্ফিয়ার
2	ক্ষুব্ধমণ্ডল	(B)	থার্মোস্ফিয়ার
3	বায়ুমণ্ডলের শীতলতম স্তর	(C)	স্ট্র্যাটোপজ
4	রেডিয়োতরঙ্গ প্রতিফলিত হয়	(D)	মেসোস্ফিয়ার

উত্তর (1)→(C); (2)→(A); (3)→(D); (4)→(B);

4. বামস্তম্ভের সঙ্গে ডানস্তম্ভ মেলাও:

	বামস্তম্ভ		ডানস্তম্ভ
1	নাইট্রোজেন	(A)	গ্রিনহাউস গ্যাস
2	মিথেন	(B)	গ্রিনহাউস গ্যাস নয়
3	ক্লোরোফ্লুরোকার্বন	(C)	সমুদ্রের জলস্ফীতি
4	বিশ্ব উষ্ণায়নের ফল	(D)	সুগন্ধি স্প্রেতে এই যৌগটি ব্যবহৃত হয়

উত্তর (1)→(B); (2)→(A); (3)→(D); (4)→(C);

অতিসংক্ষিপ্ত প্রশ্নোত্তর (প্রশ্নমান 1)

1. **বায়ুমণ্ডলে উপস্থিত গ্যাসীয় পদার্থের মোট ভরের পরিমাণ কত?**

উত্তর 5.5×10^{15} টন (প্রায়)

2. **ভূ-পৃষ্ঠ থেকে কত উচ্চতা পর্যন্ত বায়ুর অস্তিত্বের প্রমাণ পাওয়া যায়?**

উত্তর 1000 km ।

3. **নিরক্ষীয় অঞ্চলে ভূপৃষ্ঠ থেকে কত কিলোমিটার উচ্চতা পর্যন্ত ট্রপোস্ফিয়ার বিস্তৃত থাকে?**

উত্তর প্রায় 15-16 km পর্যন্ত।

4. **বায়ুমণ্ডলের কোন্ স্তরটি 'আবহমণ্ডল' নামে পরিচিত?**

উত্তর ট্রপোস্ফিয়ারকে।

5. **বায়ুমণ্ডলের উপস্থিত মোট গ্যাসীয় ভরের কত ভাগ ট্রপোস্ফিয়ারে থাকে?**

উত্তর 75%।

6. **বায়ুমণ্ডলের কোন্ স্তরে জলীয় বাষ্পের উপস্থিতি সর্বাধিক লক্ষ করা যায়?**

উত্তর ট্রপোস্ফিয়ারে।

7. **বায়ুমণ্ডলের কোন্ কোন্ স্তরে উচ্চতা বৃদ্ধি পেলে উষ্ণতা হ্রাস পায়?**

উত্তর ট্রপোস্ফিয়ার ও মেসোস্ফিয়ার।

8. **স্ট্র্যাটোস্ফিয়ারের বায়ুর উষ্ণতা ট্রপোস্ফিয়ারের তুলনায় বেশি হয় কেন?**

উত্তর স্ট্র্যাটোস্ফিয়ারের অন্তর্গত ওজোনস্তর সূর্য থেকে আসা অতিবেগুনি (UV) রশ্মি শোষণ করে। এজন্য এই বায়ুস্তরের উষ্ণতা ট্রপোস্ফিয়ারের তুলনায় বেশি হয়।

9. **কোন্ স্তরে জেট বিমান চলাচল করতে পারে এবং কেন?**

উত্তর স্ট্র্যাটোস্ফিয়ার অঞ্চলে কোনো বায়ুপ্রবাহ থাকে না। এর ফলে মেঘ, ঝড়-বৃষ্টি ও বজ্রপাত হয় না। তাই জেটবিমানগুলি ঝড়, বৃষ্টি প্রভৃতি এড়িয়ে চলার জন্য এই স্তরে চলাচল করে।

10. **স্ট্র্যাটোপজ কী?**

উত্তর স্ট্র্যাটোসিফয়ারের উর্ধ্বে স্ট্র্যাটোস্ফিয়ার ও মেসোস্ফিয়ারের সংযোগস্থলের যে অঞ্চলে উষ্ণতার কোনো পরিবর্তন লক্ষ করা যায় না না তাকে স্ট্র্যাটোপজ বলে।

11. **বায়ুমণ্ডলের মোট ওজোন গ্যাসের কত শতাংশ স্ট্রাটোস্ফিয়ারে অবস্থান করে?**

উত্তর 90% ।

12. **বায়ুমণ্ডলের কোন্ কোন্ স্তরে উচ্চতা বৃদ্ধি পেলে উষ্ণতা বৃদ্ধি পায়?**

উত্তর স্ট্র্যাটোস্ফিয়ার, থার্মোস্ফিয়ার, এক্সোস্ফিয়ার।

13. **মেসোপজ কী?**

উত্তর মেসোস্ফিয়ারের উর্ধ্বসীমায় যে অঞ্চলে উচ্চতা বৃদ্ধিতে উষ্ণতা অপরিবর্তিত থাকে (-93^oC) তাকে মেসোপজ বলে।

14. **থার্মোস্ফিয়ারে উষ্ণতার সর্বোচ্চ মান কত?**

উত্তর 1200^oC।

15. **ল্যাপস রেট বলতে কী বোঝো?**

উত্তর বায়ুমণ্ডলের উচ্চতা বৃদ্ধির সঙ্গে উষ্ণতা বৃদ্ধির হারকে বিজ্ঞানের ভাষায় ল্যাপস রেট বলে।

16. **বায়ুমণ্ডলের উচ্চতা বৃদ্ধির সাথে বায়ুর চাপের পরিবর্তন কীভাবে ঘটে?**

উত্তর উচ্চতা বৃদ্ধির সাথে বায়ুর চাপ হ্রাস পায়। নীচের বায়ুর স্তরে এই হ্রাসের হার সবচেয়ে বেশি হয়।

17. **কোন্ স্তরে থেকে কৃত্রিম উপগ্রহগুলি বা মহাকাশ স্টেশনগুলি পৃথিবীর চারিদিকে আবর্তন করে?**

উত্তর এক্সোস্ফিয়ার।

18. **মেরুজ্যোতি বা মেরু প্রভা কী?**

উত্তর আয়নোস্ফিয়ারে উপস্থিত তড়িৎগ্রস্থ অণু বা পরমাণুর চৌম্বক বিক্ষেপের ফলে সুমেরু ও কুমেরু অঞ্চলে একরকম আলোকের বিচ্ছুরণ দেখা যায়। একে মেরুজ্যাতি বা মেরু প্রভা বলা হয়।

19. **বায়ুমণ্ডলের কোন্ স্তর থেকে বেতার তরঙ্গ প্রতিফলিত হয় ও মেরুজ্যোতি দেখা যায়?**

উত্তর থার্মোস্ফিয়ার বা আয়নোস্ফিয়ার থেকে।

20. **বায়ুমণ্ডলের কোন্ স্তরটি প্রায় বায়ুশূন্য?**

উত্তর ম্যাগনেটোস্ফিয়ার।

21. **বায়ুমণ্ডলে ওজোন গ্যাসের ঘনত্ব কোন্ এককের সাহায্যে প্রকাশ করা হয়?**

উত্তর ডবসন এককে (Du)।

22. **বায়ুমণ্ডলে ওজোন গ্যাস পরিমাপ করার যন্ত্রটির নাম কী?**

উত্তর ডবসন স্পেকট্রোমিটার।

23. **পৃথিবীর কোথায় ওজোন স্তরের ক্ষয় সবথেয়ে বেশি দেখা যায়?**

উত্তর দক্ষিণ গোলার্ধে আন্টার্কটিকা মহাদেশের ওপর।

24. **বায়ুমণ্ডলের ওজোনস্তরের বেশিরভাগ ওজোন বিনাশের জন্য প্রধান দায়ী কে?**

উত্তর বায়ুমণ্ডলের প্রায় 60% ওজোন, নাইট্রাস অক্সাইডের (N_2O) কারণে বিনষ্ট হয়।

25. **CFC ও হ্যালোনের মধ্যে কোনটির দ্বারা ওজোন স্তর বেশি ক্ষতিগ্রস্ত হয়?**

উত্তর হ্যালোন যৌগের ব্রোমিন পরমাণুর ওজোন ধ্বংসকারী ক্ষমতা CFC এর ক্লোরিন পরমাণুর চেয়ে বেশি।

26. **একটি সক্রিয় ক্লোরিন ($\dot{Cl}$) পরমাণু কতগুলি ওজোন অণুর বিয়োজন ঘটাতে পারে?**

উত্তর একটি সক্রিয় ক্লোরিন পরমাণু প্রায় লক্ষাধিক ওজোন অণুর বিয়োজন ঘটাতে পারে।

27. **একটি জৈব গ্রিনহাউস গ্যাসের নাম লেখো।**

উত্তর মিথেন (CH_4), ক্লোরোফ্লুরোকার্বন (CFC)।

28. গ্রিনহাউস গ্যাসগুলির প্রভাবে বায়ুমণ্ডলের গড় উষ্ণতা কত থাকে?

উত্তর 15^oC প্রায়।

29. বায়ুমণ্ডলে CO_2 , জলীয় বাষ্প ইত্যাদি গ্রিনহাউস গ্যাসগুলি না থাকলে বায়ুমণ্ডলের গড় উষ্ণতা কত হত?

উত্তর -30^oC প্রায়।

30. গ্রিনহাউস গ্যাসগুলি কোন্ রশ্মি শোষণ করে বায়ুমণ্ডলের তাপ আবদ্ধ করে?

উত্তর দীর্ঘ তরঙ্গদৈর্ঘ্যের অবলোহিত রশ্মি (IR)।

31. বছরে পৃথিবীর গড় উষ্ণতা বৃদ্ধির হার কত?

উত্তর $0{\cdot}05^oC$।

32. CO_2, CFC, CH_4 ও N_2O প্রভৃতি গ্যাসগুলির বিশ্ব উষ্ণায়নে অবদান অনুযায়ী এদেরকে নিম্নক্রমে সাজাও।

উত্তর $CO_2 > CH_4 > CFC > N_2O$ ।

33. নাইট্রাস অক্সাইডের একটি অণুর তাপ আটকে দেবার ক্ষমতা একটি CO_2 অণুর তুলনায় কত গুণ?

উত্তর 200 গুণ প্রায়।

34. মিথেন গ্যাসের একটি অণুর তাপ আটকে দেবার ক্ষমতা একটি CO_2 অণুর তুলনায় কত গুণ?

উত্তর দ্বিগুণ প্রায়।

35. এক অণু CFC এর উষ্ণকরণ ক্ষমতা একটি CO_2 অণুর তুলনায় কত গুণ?

উত্তর প্রায় 10,000 গুণ প্রায়।

36. বিশ্ব উষ্ণায়নের সবচেয়ে মারাত্মক প্রভাব কোথায় হবে?

উত্তর সমুদ্রপৃষ্ঠের গড় উচ্চতা বৃদ্ধি এবং উপকূলবর্তী অঞ্চল প্লাবিত হবার সম্ভাবনা।

37. কোন্ জ্বালানির তাপনমূল্য সবচেয়ে বেশি?

উত্তর হাইড্রোজেন (150KJ/g)।

38. জ্বালানির জ্বলনবিন্দু বলতে কী বোঝো?

উত্তর সর্বনিম্ন যে তাপমাত্রায় কোনো জ্বালানি পৌঁছালে তা বায়ুতে জ্বলতে শুরু করে অর্থাৎ দহন বিক্রিয়া শুরু হয়, সেই তাপমাত্রাকে ওই জ্বালানির জ্বলনবিন্দু বলা হয়।

39. একটি পরিবেশদূষক ও অনবীকরণযোগ্য ও একটি নবীকরণযোগ্য পরিবেশবান্ধব শক্তির উদাহরণ দাও, যারা সূর্য থেকে আসে না।

উত্তর পরিবেশদূষক ও অনবীকরণযোগ্য শক্তি হল পারমাণবিক শক্তি। নবীকরণযোগ্য পরিবেশবান্ধব শক্তি হল ভূতাপীয় শক্তি বা পৃথিবীর অভ্যন্তরীণ তাপশক্তি।

40. বায়ুশক্তি থেকে বিদ্যুৎ উৎপাদনে ভারতের স্থান কত?

উত্তর ভারতের স্থান পঞ্চম। প্রথম স্থান হল জার্মানির। ডেনমার্ককে বায়ুর দেশ বলা হয়, কারণ সেখানকার প্রয়োজনীয় বিদ্যুৎশক্তির 25%, বায়ুশক্তি থেকে উৎপন্ন হয়।

41. ভারতে বায়োডিজেল প্রস্তুত করা হয় এমন এক উদ্ভিদের নাম লেখো।

উত্তর জ্যাট্রোফা গাছের বীজ থেকে।

42. বায়োগ্যাস প্ল্যান্টে যেসব ব্যাকটেরিয়া বায়োমাসকে মিথেন গ্যাসে বিয়োজিত করে তাদেরকে কী বলে?

উত্তর অ্যানেবোরিক ব্যাকটেরিয়া।

43. মিথানোজেনিক ব্যাকটেরিয়া কোন্ গ্যাসকে বিজারিত করে মিথেন গ্যাস উৎপন্ন করে?

উত্তর CO_2।

সংক্ষিপ্ত প্রশ্নোত্তর — প্রশ্নমান 2

1. বায়ুমণ্ডল কাকে বলে?

উত্তর নাইট্রোজেন, অক্সিজেন, জলীয় বাষ্প, কার্বনডাই অক্সাইড ইত্যাদি প্রধান উপাদান দ্বারা গঠিত ভূ-পৃষ্ঠের উপরিভাগ থেকে প্রায় 1600 কিমি পর্যন্ত বলয়াকারে বিস্তৃত যে অদৃশ্য গ্যাসীয় আবরণ সমগ্র পৃথিবীকে বেষ্টন করে আছে এবং যা সূর্য বা মহাশূন্য থেকে আসা ক্ষতিকর বিকিরণসমূহ (যেমন UV রশ্মি, কসমিক রশ্মি) থেকে পৃথিবীর জীবজগতকে রক্ষা করছে, তাকে বায়ুমণ্ডল বলা হয়।

2. হোমোস্ফিয়ার নামকরণের কারণ কী?

উত্তর ভূপৃষ্ঠ থেকে 88 কিলোমিটার উচ্চতা পর্যন্ত বায়ু সমসত্ত্ব হয়। তাই এই সমসত্ত্ব বায়ুর উপস্থিতির কারণে এই অঞ্চলকে হোমোস্ফিয়ার বা সমমণ্ডল বলে।

3. হেটেরোস্ফিয়ার বা বিষমমণ্ডলের নামকরণের কারণ কী?

উত্তর ভূপৃষ্ঠ থেকে উপরে (88 -10,000 কিমি) উচ্চতা পর্যন্ত বিভিন্ন অংশে গ্যাসীয় উপাদানের অনুপাত সমান হয় না, তাই একে বিষমমণ্ডল বলে।

4. কারম্যান রেখা কাকে বলে?

উত্তর সমুদ্রতল থেকে 10000 km উচ্চতায় মহাকাশ এবং বায়ুমণ্ডলের সীমানা নির্দেশক হিসাবে যে কাল্পনিক রেখা ব্যবহার করা হয়, তাকে কারম্যান রেখা বলে।

5. ট্রপোস্ফিয়ারকে ক্ষুব্ধমণ্ডল বলে কেন?

উত্তর আবহাওয়া ও জলবায়ুর যাবতীয় উপাদানসমূহ (যেমন- ধূলিকণা, জলীয় বাষ্প, মেঘ, বৃষ্টি ইত্যাদি) বায়ুমণ্ডলের এই স্তরে উপস্থিত। এই ট্রপোস্ফিয়ারে প্রতি 1 কিমি উচ্চতা বৃদ্ধিতে তাপমাত্রা $6{\cdot}4^oC$ হারে হ্রাস পায় এবং বায়ুস্তরের গড় ঘনত্ব সবচেয়ে বেশি হওয়ায় বায়ুচাপের পার্থক্য হয়, ফলে বায়ুপ্রবাহ ও ঝড় সৃষ্টি হয়। এছাড়া ঘনীভবনের জন্য সমস্ত প্রক্রিয়া যেমন– মেঘ, বজ্রপাত, বৃষ্টিপাত, কুয়াশা, শিশির, তুষারপাত প্রভৃতি এই ট্রপোস্ফিয়ারেই কার্যকর হয়। বায়ুমণ্ডলীয় এই উপাদানসমূহগুলির প্রভাবে ট্রপোস্ফিয়ার সর্বদা অশান্ত হয়ে থাকে। দৈনিক আবহাওয়ার সবরকম গোলযোগ ও বিপর্যয় এই স্তরেই সংঘটিত হয় বলে, ট্রপোস্ফিয়ারকে ক্ষুব্ধমণ্ডল বলা হয়।

6. ট্রপোপজ কী?

উত্তর ট্রপোস্ফিয়ারের ঊর্ধ্ব সীমানায় ট্রপোস্ফিয়ার ও স্ট্র্যাটোস্ফিয়ারের সংযোগস্থলে বায়ুর উষ্ণতা হ্রাস পায় না, আবার বৃদ্ধিও পায় না, অর্থাৎ প্রায় ধ্রুবক থাকে। এই অঞ্চলকে ট্রপোপজ বলে।

7. ট্রপোস্ফিয়ারে উচ্চতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে বায়ুর গতিবেগ বৃদ্ধি পায় কেন?

উত্তর ভূপৃষ্ঠ সংলগ্ন ট্রপোস্ফিয়ারের নিম্নস্তরে পাহাড়-পর্বত, বনভূমি, অট্টালিকা প্রভৃতি অবস্থান করে বলে এই অংশে বায়ু ঘর্ষণজনিত কারণে বাধাপ্রাপ্ত হয়। কিন্তু, ট্রপোস্ফিয়ারের উচ্চতা বাড়ার সঙ্গে সঙ্গে এইসকল বাধার পরিমাণ ক্রমশ হ্রাস পায়, ফলে যেখান থেকে বায়ু বিনা বাধায় প্রবাহিত হতে পারে। উচ্চতা যত বাড়ে তত বায়ুর গতিবেগও বাড়তে থাকে। এই বায়ুকে জেট স্ট্রিম বলে।

8. স্ট্র্যাটোস্ফিয়ারকে শান্তমণ্ডল বলে কেন?

উত্তর ভূপৃষ্ঠ থেকে ট্রপোস্ফিয়ারের উপর 18-50 km উচ্চতায় স্ট্র্যাটোস্ফিয়ার স্তরে অল্প পরিমাণ ধুলো থাকলেও জলীয় বাষ্প না থাকায় মেঘ সৃষ্টি হতে পারে না আবার আবহাওয়া ও জলবায়ুর গোলযোগ সৃষ্টিকারী কোনো উপাদান না থাকায় ঘনীভবন প্রক্রিয়ার অভাবে এই স্তরে ঝড়, বৃষ্টি কিছুই সংঘটিত হয় না। এই কারণে এই স্তর আবহাওয়া পরিমণ্ডল শান্ত অবস্থায় থাকে এজন্য স্ট্র্যাটোস্ফিয়ারকে শান্তমণ্ডল বলে।

9. স্ট্র্যাটোস্ফিয়ারকে ওজোনোস্ফিয়ার বলা হয় কেন?

উত্তর স্ট্র্যাটোস্ফিয়ার অঞ্চলে ভূপৃষ্ঠের সাপেক্ষে 16 km ওপর থেকে শুরু করে 30 km উচ্চতা পর্যন্ত ওজোন গ্যাসের একটি স্তর আছে। এজন্য স্ট্র্যাটোস্ফিয়ারকে ওজোনোস্ফিয়ার বলে।

10. স্ট্র্যাটোস্ফিয়ারে নাইট্রিক অক্সাইড (NO) গ্যাসের বৃদ্ধির কারণ ও এর ফলাফল আলোচনা করো।

উত্তর স্ট্র্যাটোস্ফিয়ার বায়ুস্তর দিয়ে জেট বিমান চলাচলের সময় প্রচুর পরিমাণে NO গ্যাস উৎপন্ন হয়, এর ফলে NO গ্যাসের পরিমাণ বৃদ্ধি পায়।

NO (নাইট্রিক অক্সাইড) গ্যাস স্ট্র্যাটোস্ফিয়ারের অন্তর্গত ওজোন স্তরকে ধ্বংস করে। তাই NO গ্যাসের পরিমাণ বাড়লে ওজোন গ্যাসের আস্তরণ পাতলা হয়ে যাবে ফলস্বরূপ সূর্য থেকে আসা ক্ষতিকারক রশ্মিগুলি জীবকুলের অস্তিত্বে সংকট অবস্থার সৃষ্টি করবে।

11. প্রাকৃতিক সৌরপর্দা কি?

উত্তর স্ট্র্যাটোস্ফিয়ারের ওজোনস্তর সূর্য থেকে আগত ক্ষতিকারক অতিবেগুনি রশ্মি শোষণ করে পৃথিবীকে রক্ষা করে, তাই এই ওজোনস্তরকে প্রাকৃতিক সৌরপর্দা বলা হয়।

12. বায়ুমণ্ডলের শীতলতম স্তর কোন স্তরকে বলে? এই স্তরের সর্বনিম্ন তাপমাত্রার মান কত?

উত্তর মেসোস্ফিয়ার, সর্বনিম্ন তাপমাত্রা হল $-93^{\circ}C$ ।

13. উল্কাপিণ্ড ম্যাগনেটোস্ফিয়ার, এক্সোস্ফিয়ার ও আয়নোস্ফিয়ার পার হবার পর শুধুমাত্র মেসোস্ফিয়ারে এসেই নিভে যায় কেন?

উত্তর বায়ুমণ্ডলে উপস্থিত বিভিন্ন স্তরগুলির মধ্যে এক্সোস্ফিয়ারের উষ্ণতা সর্বোচ্চ ($1650^{\circ}C$) এবং মেসোস্ফিয়ারের উষ্ণতা সর্বনিম্ন ($-100^{\circ}C$)। ম্যাগনেটোস্ফিয়ার কর্তৃক আকৃষ্ট হয়ে, উল্কাপিণ্ডগুলি প্রচণ্ড গতিতে ঘর্ষণজনিত বলের প্রভাবে প্রজ্জ্বলিত অবস্থাতেই প্রবেশ করে। প্রচণ্ড গতিতে অতি দ্রুতবেগে ছুটে আসা উল্কাপিণ্ড যখনই $1650^{\circ}C$ তাপমাত্রা থেকে হঠাৎ $-100^{\circ}C$ তাপমাত্রাযুক্ত অঞ্চলে প্রবেশ করে তখন সেগুলি সঙ্গে সঙ্গে নিভে যায়।

14. থার্মোস্ফিয়ারকে আয়নোস্ফিয়ার বলা হয় কেন?

উত্তর সূর্য থেকে আগত গামা রশ্মি, অতিবেগুনি রশ্মি বিশেষ করে X রশ্মি, মহাজাগতিক রশ্মি থার্মোস্ফিয়ারের বায়ুমণ্ডলের গ্যাসীয় মাধ্যম দ্বারা শোষিত হয় এবং বায়ুমণ্ডলের গ্যাসীয় পরমাণুগুলিকে ভেঙে ইলেকট্রনমুক্ত করে ও ফলস্বরূপ ধনাত্মক বস্তুকণা সৃষ্টি করে এই স্তরকে আয়নিত করে। হাইড্রোজেন ও হিলিয়াম গ্যাস মহাজাগতিক রশ্মি দ্বারা ভেঙে গিয়ে যথাক্রমে H^{+} ও He^{2+} এ পরিণত হয়, এজন্য থার্মোস্ফিয়ারকে আয়নোস্ফিয়ার বলে।

15. অ্যালবেডো কী?

উত্তর সূর্য থেকে আগত রশ্মির 60% ভূপৃষ্ঠ তথা বায়ুমণ্ডলকে উত্তপ্ত করে, বাকি 40% সূর্যরশ্মি বিকিরিত হয়ে মহাশূন্যে ফিরে যায়। এই 40% সূর্যরশ্মিকে অ্যালবেডো বলা হয়।

16. বৈপরীত্য উত্তাপ বলতে কী বোঝো?

উত্তর সাধারণ নিয়ম অনুসারে ভূপৃষ্ঠের থেকে উচ্চতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে প্রতি কিলোমিটারে $6{\cdot}4^{\circ}C$ হারে বায়ুর উষ্ণতা কমতে থাকে কিন্তু কখনো কখনো উচ্চতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে বায়ুমণ্ডলের তাপমাত্রা হ্রাস না পেয়ে বরং বৃদ্ধি পায়। এই ঘটনাকে বৈপরীত্য উত্তাপ বলে। পার্বত্য উপত্যকার শান্ত আবহাওয়ায় ইহা পরিলক্ষিত হয়।

17. পরিচলন স্রোত কীভাবে বায়ুপ্রবাহ নিয়ন্ত্রণে সাহায্য করে?

উত্তর ভূপৃষ্ঠে অবস্থিত কোনো স্থানে বায়ু প্রাকৃতিক কারণে উত্তপ্ত হয়ে আয়তনে বৃদ্ধি পায়। এর ফলে বায়ুর ঘনত্ব হ্রাস পায় এবং ওই বায়ু হালকা হয়ে ওপরে উঠে যায়। এর ফলে সংশ্লিষ্ট স্থানে যে সাময়িক শূন্যতার সৃষ্টি হয় তা পূরণ করার জন্য সংলগ্ন অঞ্চলের অপেক্ষাকৃত শীতল ও ভারী বাতাস ওই স্থানের অভিমুখে ছুটে আসে। তাপ পরিচলনের ফলে প্রবাহীতে বায়ু মাধ্যমের কণাগুলি চক্রাকার গতিপথে আবর্তিত হয়। এই পদ্ধতিতে বায়ুতে যে প্রাকৃতিক পরিচলন স্রোত সৃষ্টি হয়, তাকেই বায়ুপ্রবাহ বলে।

18. ঝড় কী? কয়েকটি ঝড়ের উদাহরণ দাও।

উত্তর ভূপৃষ্ঠের উচ্চচাপযুক্ত অঞ্চল থেকে নিম্নচাপযুক্ত অঞ্চল অভিমুখে উচ্চ বেগে যে বায়ুপ্রবাহ ছুটে আসে, তাকে ঝড় বলে। যেমন– সাইক্লোন, টর্নেডো, হ্যারিকেন, টাইফুন ইত্যাদি।

19. ঝড় কীভাবে সৃষ্টি হয়?

উত্তর উচ্চ ও নিম্নচাপযুক্ত অঞ্চলে বায়ুচাপের তারতম্যের কারণেই বায়ুপ্রবাহ ঘটে। কোনো কারণে ভূপৃষ্ঠ সংলগ্ন কোনো অঞ্চলের বায়ু যদি অধিক উত্তপ্ত হয়ে ওঠে, তাহলে ওই অঞ্চলের বায়ু হালকা হয়ে ওপরে উঠে যায়। ফলে ওই অঞ্চলের বায়ুমণ্ডলে নিম্নচাপের সৃষ্টি হয়। তখন আশেপাশের উচ্চচাপ অঞ্চলের বায়ু ওই নিম্নচাপ অঞ্চলের দিকে তীব্র বেগে ছুটে আসে। বায়ুচাপের পার্থক্য যত বেশি হয়, বায়ুচাপ সমান করার জন্য আশেপাশের উচ্চচাপ অঞ্চল থেকে বায়ু তত বেশি গতিবেগে ওই অঞ্চলের দিকে ছুটে আসতে থাকে। উচ্চ গতিশক্তির কারণে প্রবহমান বাতাস যখন বিধ্বংসী চেহারায় আত্মপ্রকাশ করে তখন তা ঝড় হিসাবে পরিচিত হয়।

20. ওজোনস্তর কী?

উত্তর স্ট্র্যাটোস্ফিয়ারের ঊর্ধ্বাংশে অতিবেগুনি রশ্মি শোষণের মাধ্যমে অক্সিজেন (O_2) গ্যাস, ওজোন গ্যাসে (O_3) রূপান্তরিত হয়। শান্তমণ্ডলের 16–30 km উচ্চতায় ওজোন গ্যাসের ঘনত্ব সবচেয়ে বেশি হয় বলে এই অঞ্চলটিকে ওজোনস্তর বলে।

21. এক ডবসন একক বলতে কী বোঝো?

উত্তর এক ডবসন একক বলতে এক বায়ুমণ্ডলীয় চাপে 0.01 mm পুরু ওজোন গ্যাসের ঘনত্বকে বোঝায়।

এই গ্যাসের ঘনত্ব নিরক্ষীয় অঞ্চলে সবথেকে কম (250 Du) হয়, নাতিশীতোষ্ণ অঞ্চলে এর মান 350 Du এবং উপমেরু অঞ্চলে 450 Du।

22. ওজোন গহ্বর বলতে কী বোঝো?

উত্তর মনুষ্যসৃষ্ট (চারিদিকে গড়ে ওঠা নতুন নতুন শিল্পে ব্যবহৃত বা কলকারখানা থেকে নিঃসৃত বিভিন্ন রাসায়নিক পদার্থ যেমন– CFC, N_2O, হ্যালন ইত্যাদি) ও কিছু প্রাকৃতিক কারণে বায়ুমণ্ডলের স্ট্র্যাটোস্ফিয়ারের অন্তর্গত ওজোনস্তর ক্রমাগত ক্ষতিগ্রস্থ হচ্ছে ও ক্রমশ পাতলা হচ্ছে। ব্রিটিশ বিজ্ঞানী জো ফোরম্যান আন্টার্কটিকা অঞ্চলের উপরিভাগে স্ট্র্যাটোস্ফিয়ারের অন্তর্গত ওজোনস্তরে এই ক্ষয় প্রথম লক্ষ করেন। তিনিই এই অবক্ষয়ের নাম দেন ওজোন হোল বা ওজোন গহ্বর।

23. ODS ও ODP এর পুরো নাম কী?

উত্তর ODS → Ozone Depleting Substances (ওজোন বিনষ্টকারী পদার্থসমূহ), ODP → Ozone Depleting Potential (ওজোন বিনষ্টকারী ক্ষমতা)

24. ওজোন বিনষ্টকারী পদার্থসমূহের (ODS) উদাহরণ দাও।

উত্তর CFC, HCFC, হ্যালোন N_2O, CCl_4, CH_3CCl_3 (মিথাইল ক্লোরোফর্ম), CH_4 ইত্যাদি।

25. CFC এর পুরো নাম কী? ইহা কোথা থেকে পাওয়া যায়?

উত্তর CFC → Chlorofluoro Carbon (ক্লোরোফ্লুরোকার্বন)। CFC গ্যাস হিমায়ক যন্ত্রে ও স্প্রে সহায়ক পদার্থরূপে বিভিন্ন প্রসাধনী দ্রব্যে ব্যবহৃত হয়ে বায়ুমণ্ডলে নির্গত হয়। (হিমায়ক যন্ত্র → AC, রেফ্রিজারেটর)

26. HCFC এর পুরো নাম লেখো? ইহা কোথা থেকে পাওয়া যায়?

উত্তর HCFC → Hydrochlorofluoro Carbon, CFC এর উৎসগুলিই HCFC এর উৎস।

27. হ্যালোন কী? উদাহরণ দাও।

উত্তর ব্রোমিন সমন্বিত একপ্রকার হ্যালোহাইড্রোকার্বন যা অগ্নি নির্বাপক হিসাবে ব্যবহৃত হয় তাকেই হ্যালোন বলে। উদাহরণ- হ্যালোন 1211 (CF_2BrCl), হ্যালোন 1301 (CF_3Br)।

28. মন্ট্রিল প্রোটোকল বাস্তবায়িত করতে কী কী পদক্ষেপ গ্রহণ করতে হবে?

উত্তর **i) যানবাহনের পরিমাণ হ্রাস করা**

ii) পরিবেশ বান্ধব জিনিস ব্যবহার করা

iii) কীটনাশক ব্যবহার কম করা

iv) ওজোন ক্ষয়কারী যৌগগুলির পুনর্বিন্যাস

v) বিকল্প যৌগ ব্যবহার বৃদ্ধি করা

29. স্প্রে বোতল থেকে যে সুগন্ধি স্প্রে করা হয় সেটি ক্ষতিকারক কেন?

উত্তর সুগন্ধি স্প্রে করার বোতলের মধ্যে যে ক্ষতিকারক রাসায়নিক পদার্থটি থাকে সেটি হল ক্লোরোফ্লুরোকার্বন (CFC) বা ফ্রেয়ন। ওই CFC পরমাণু অতিবেগুনি রশ্মির প্রভাবে বিয়োজিত হয়ে সক্রিয় ক্লোরিন পরমাণু উৎপন্ন করে যা স্ট্র্যাটোস্ফিয়ারের ওজোন স্তরের O_3 এর সঙ্গে বিক্রিয়া করে। ফলস্বরূপ ওজোন স্তর ক্রমশ পাতলা হয়ে ওজোন গহ্বরের সৃষ্টি করে এবং সূর্য থেকে আগত অতিবেগুনি রশ্মি পৃথিবীপৃষ্ঠে আপতিত হয় যা জীবকুলের অস্তিত্বের পক্ষে অত্যন্ত ক্ষতিকর।

30. ওজোন হোল কীভাবে গ্লোবাল ওয়ার্মিং ঘটায় লেখো?

উত্তর ওজোন স্তর ক্রমশ পাতলা হয়ে যাওয়ার ফলে সূর্য থেকে আগত উচ্চশক্তির UV রশ্মি ভূপৃষ্ঠে পৌঁছাতে পারে। এহ এই অতিবেগুনি (UV) রশ্মি দুভাবে বিশ্ব উষ্ণায়ন ঘটায়— i) উচ্চশক্তির অতিবেগুনি (UV) রশ্মি ভূপৃষ্ঠকে সরাসরি বেশি মাত্রায় উত্তপ্ত করছে। ii) অতিবেগুনি (UV) রশ্মি ট্রপোস্ফিয়ারের O_2 অণু থেকে O_3 অণু উৎপন্ন করছে। O_2 থেকে O_3 উৎপাদন প্রক্রিয়াতেও তাপের আবদ্ধকরণ হচ্ছে। সুতরাং ওজোন হোল গ্লোবাল ওয়ার্মিং বা বিশ্ব উষ্ণায়নকে ত্বরান্বিত করছে।

31. পৃথিবী ও তার পরিমণ্ডল কীভাবে গ্রিনহাউস বা সবুজ ঘরের সঙ্গে তুলনীয়— ব্যাখ্যা করো।

উত্তর বায়ুমণ্ডলে CH_4, CO_2 নাইট্রোজেনের বিভিন্ন অক্সাইড (N_2O, NO, NO_2), CFC, জলীয়বাষ্প ইত্যাদি গ্রিনহাউস গ্যাসের মাত্রাতিরিক্ত ঘনত্ব বৃদ্ধির ফলে এই গ্যাসগুলি মিলিতভাবে নিম্ন বায়ুমণ্ডলে একটি গ্যাসীয় স্তর সৃষ্টি করে যা ভূপৃষ্ঠ থেকে বিকিরিত তাপকে মহাশূন্যে ফিরে যেতে

বাধা দেয়। এর ফলে সমগ্র পৃথিবী ও তার পরিমণ্ডল গ্রিনহাউস বা সবুজ ঘরের তুলনীয় হয়ে পড়ে। এবং পৃথিবীর গড় উষ্ণতাও বৃদ্ধি ঘটে।

32. গ্রিনহাউস প্রভাব কী?

উত্তর যে প্রাকৃতিক প্রক্রিয়ার সাহায্যে ভূপৃষ্ঠ সংলগ্ন বায়ুমণ্ডলে উপস্থিত CH_4, CO_2, N_2O জলীয় বাষ্প প্রভৃতি গ্যাসীয় পদার্থ পৃথিবীপৃষ্ঠ থেকে বিকিরিত অপেক্ষাকৃত দীর্ঘ তরঙ্গদৈর্ঘ্যের অবলোহিত রশ্মির কিছু অংশ শোষণ ও বাকি অংশ প্রতিফলনের মাধ্যমে ভূপৃষ্ঠ ও তৎসংলগ্ন বায়ুমণ্ডলকে উত্তপ্ত রাখে এবং জীবকুলের বেঁচে থাকার অনুকূল পরিবেশ সৃষ্টি করে, তাকে গ্রিনহাউস প্রভাব বলে।

33. গ্রিনহাউস গ্যাস নির্গমন হ্রাস বা নিয়ন্ত্রণের সম্ভাব্য উপায় বা কার্যকরী পদক্ষেপগুলি উল্লেখ করো।

উত্তর i) জীবাশ্ম জ্বালানির ব্যবহার হ্রাস
ii) অপ্রচলিত শক্তির ব্যবহার বৃদ্ধি
iii) ফ্রেয়ন উৎপাদনে নিষেধাজ্ঞা
iv) নাইট্রোজেনঘটিত সার ব্যবহারে নিয়ন্ত্রণ
v) বনসৃজনে উৎসাহদান
vi) প্রযুক্তির উন্নতিসাধন
vii) জনসচেতনতা বৃদ্ধি
viii) গবেষণায় উৎসাহদান

34. জ্বালানির তাপনমূল্য (Calorific Value) কাকে বলে? এর একক কী?

উত্তর একক ভরবিশিষ্ট কোনো জ্বালানির সম্পূর্ণ দহনে যে পরিমাণ তাপ (শক্তি) উৎপন্ন হয়, একে ওই জ্বালানির তাপনমূল্য বলা হয়। সাধারণ একক হল জুল/গ্রাম।

অন্যান্য একক হল— ক্যালোরি/গ্রাম, জুল/কেজি, কিলো জুল/গ্রাম, $KCal/m^3$ (গ্যাসীয় জ্বালানির ক্ষেত্রে)

35. প্রচলিত ও অপ্রচলিত শক্তি উৎস কাকে বলা হয়? উদাহরণ দাও।

উত্তর দীর্ঘদিন ধরে যেসমস্ত শক্তি উৎসগুলি থেকে শক্তি সংগৃহীত বা শক্তির জোগান পাওয়া যাচ্ছে তাদের প্রচলিত শক্তি উৎস বলা হয়। উদাহরণ— কয়লা, পেট্রোলিয়াম, প্রাকৃতিক গ্যাস।

প্রচলিত শক্তি উৎপাদনকারী উৎসগুলির যোগ্য বিকল্প হিসেবের শক্তি সংকটের সমাধানের প্রশ্নে যে সকল শক্তি উৎসগুলি আগামীদিনে অর্থপূর্ণ ভূমিকা পালন করবে বলে মনে করা হচ্ছে তাদের অপ্রচলিত বা অচিরাচরিত শক্তি উৎস বলা হয়।

উদাহরণ— বায়ুপ্রবাহের শক্তি, জোয়ারভাটার শক্তি, সৌরশক্তি ইত্যাদি।

36. পুনর্নবীকরণযোগ্য ও অনবীকরণযোগ্য শক্তির উৎস কাকে বলে? উদাহরণ দাও।

উত্তর যেসমস্ত শক্তির উৎস চিরন্তন, কখনোই নিঃশেষিত হবে না তাদের পুনর্নবীকরণযোগ্য শক্তির উৎস বলা হয়। উদাহরণ— সৌরশক্তি, জোয়ারভাটার শক্তি, বায়ুশক্তি ইত্যাদি।

যেসমস্ত শক্তির উৎস ক্ষয়িষ্ণু এবং সঞ্চয়ের ভাণ্ডার সীমিত তাদের অনবীকরণযোগ্য শক্তির উৎস বলা হয়। উদাহরণ— কয়লা, পেট্রোলিয়াম, প্রাকৃতিক গ্যাস ইত্যাদি।

37. সৌরকোশ বা সৌরপ্যানেল ব্যবহারের সুবিধা ও অসুবিধাগুলি উল্লেখ করো।

উত্তর **সুবিধা :** i) প্রথাগত উপায়ে বিদ্যুৎ সরবরাহ সম্ভব নয় বা অনেক বেশি খরচাসাপেক্ষ এমন জায়গাগুলিতে সৌরপ্যানেলের সাহায্যে সহজে ও সুলভে বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হয়।

ii) সৌরকোশ বা সৌরপ্যানেল স্থাপন ও রক্ষণাবেক্ষণের খরচ অনেক কম হয়।

অসুবিধা : i) সৌরকোশ বা সৌরপ্যানেল তৈরিতে রূপোর তার, সিলিকন প্রভৃতি মূল্যবান জিনিস ব্যবহৃত হয় তাই ইহার দাম অনেক বেশি। ii) সৌরকোশের দক্ষতা অনেক কম। আপতিত আলোর মাত্র 25% বিদ্যুৎশক্তিতে রূপান্তরিত হয়।

38. জোয়ারভাটার শক্তির সুবিধা ও অসুবিধাগুলি লেখো।

উত্তর **সুবিধা :** i) জোয়ারভাটা নিয়মিত প্রাকৃতিক ঘটনা তাই আবহাওয়াজনিত প্রতিকূলতা না থাকায় নিরবচ্ছিন্নভাবে নির্দিষ্ট পরিমাণে শক্তি উৎপাদনের সম্ভাবনা এক্ষেত্রে বেশি। ii) উৎপাদনজাত শক্তি পরিবেশবান্ধব, iii) এই পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন কম ব্যয়সাপেক্ষ।

অসুবিধা : i) বৃহৎ পরিমাণে শক্তি উৎপাদনের উপযোগী সমুদ্র শক্তি উৎপাদক ব্যবস্থার নকশা এখনও তৈরি করা সম্ভব হয়ে ওঠেনি। ii) নদীর মোহনা অঞ্চলে সমুদ্রবাঁধ নির্মিত হলে জলের প্রবাহ তথা নদীর গতিপথ বদলে যাওয়ার সম্ভাবনা থাকে তাই পরিবেশবিদ ও কিছু কিছু বিজ্ঞানী এই প্রকল্পের বিরোধী।

39. ভূতাপীয় শক্তির উৎপাদন কেন্দ্রের উদাহরণ দাও।

উত্তর হিমাচল প্রদেশের পার্বত্য নদী উপত্যকার মণিকরণ, ছত্তিশগড়ের তপ্তপানি, গুজরাটের কাম্বে, লাদাখের পুগা উপত্যকা প্রভৃতি।

40. ভূতাপীয় শক্তি ব্যবহারের সুবিধা ও অসুবিধাগুলি উল্লেখ করো।

উত্তর **সুবিধা :** i) পরিবেশের উপর ক্ষতিকারক প্রভাব নেই। ii) কোনো জ্বালানির দহনের প্রয়োজন হয় না।

অসুবিধা : i) ভূতাপীয় হটস্পটগুলি ইতস্তত বিক্ষিপ্তভাবে ছড়ানো। ii) বাণিজ্যিকভাবে লাভজনক উপায়ে শক্তি উৎপাদনের সম্ভাবনা কম। iii) মাটির গভীরে খনন করে

উত্তপ্ত বাষ্প নির্গমনের পথ তৈরি করা যথেষ্ট ব্যয়বহুল ও পরিশ্রমসাধ্য।

41. বায়োমাস বা জীবভর এবং বায়োমাস শক্তি বা জীবভর শক্তি বলতে কী বোঝো? উদাহরণ দাও।

উত্তর ● মৃত উদ্ভিদ ও প্রাণীর দেহাবশেষ এবং প্রাণীদেহের বর্জ্যকে সাধারণভাবে জীবভর বা বায়োমাস বলা হয়। উদাহরণ— প্রাণীদের মল-মূত্র, আখের ছিবড়া, রান্নাঘরের অব্যবহৃত জৈব অবশেষ, কাঠ, কৃষিজাত বর্জ্য ইত্যাদি।

● জীবভর এর মধ্যে যে রাসায়নিক শক্তি সঞ্চিত থাকে তাকেই বায়োমাস শক্তি বা জীবভর শক্তি বলা হয়।

42. মিথানোজেনিক ব্যাকটেরিয়া বলতে কী বোঝো?

উত্তর যে বিশেষ ধরনের ব্যাকটেরিয়া অক্সিজেনের অনুপস্থিতিতে বিপাকীয় ক্রিয়ায় উপজাত পদার্থ হিসেবে মিথেন উৎপন্ন করে, তাদের মিথানোজেনিক ব্যাকটেরিয়া বলা হয়।

43. বায়োগ্যাস কী? ইহার প্রধান উপাদান কী?

উত্তর বায়োমাসকে বায়ুর অনুপস্থিতিতে মিথানোজেনিক ব্যাকটেরিয়া দ্বারা বিয়োজিত করলে জটিল জৈব রাসায়নিক প্রক্রিয়ায় যে গ্যাসীয় মিশ্রণ উৎপন্ন হয় তাকে জৈব গ্যাস বা বায়োগ্যাস বলা হয়। এর প্রধান উপাদান মিথেন (50–80%)। এ ছাড়া সামান্য CO_2, H_2S ও জলীয় বাষ্প থাকে।

44. গোবরগ্যাসকে বায়োগ্যাস কেন বলা হয়?

উত্তর বায়োগ্যাস উৎপাদনের জন্য সবচেয়ে বেশি যে কাঁচামাল ব্যবহার করা হয় তা হল গোবর। এজন্য বায়োগ্যাসকে গোবর গ্যাসও বলা চলে।

45. বায়োগ্যাসের ব্যবহার উল্লেখ করো।

উত্তর i) ব্যায়োগ্যাসকে জ্বালানিরূপে, আলো জ্বালানোর কাজে ব্যবহার করা হয়। ii) বায়োগ্যাস থেকে বিদ্যুৎও উৎপাদন করা যায়।

46. বায়োফুয়েলের ব্যবহার উল্লেখ করো।

উত্তর i) রান্নার কাজে জ্বালানি হিসেবে, ii) আলো জ্বালাতে, বিদ্যুৎ উৎপাদনে। iii) কৃষিক্ষেত্রে জল দেওয়ার জন্য পাম্পে জ্বালানি হিসেবে ব্যবহার করা হয়। iv) পেট্রোলের সঙ্গে বায়োফুয়েল মিশিয়ে গাড়ির জ্বালানিরূপে ব্যবহৃত হয়। v) বায়োইথানল পাওয়ার অ্যালকোহল রূপে ও বায়োডিজেল জেনারেটর চালাতে, ডিজেল ইঞ্জিনযুক্ত যানবাহনের জ্বালানি হিসেবে ব্যবহৃত হয়।

47. মিথেন হাইড্রেট বলতে কী বোঝো? সংকেত লেখো।

উত্তর মিথেন হাইড্রেট এক ধরনের কঠিন ক্ল্যাথরেট যৌগ। H_2O অণু দিয়ে গঠিত বরফ সদৃশ কেলাসের মধ্যে প্রচুর পরিমাণে মিথেন আবদ্ধ হয়ে এটি উৎপন্ন হয়।

ইহার সংকেত $CH_4 \cdot 5\text{-}7\ H_2O$ বা $4CH_4 \cdot 23H_2O$

48. মিথেন হাইড্রেট থেকে কীভাবে মিথেন উৎপন্ন করা হয়?

উত্তর 1 লিটার কঠিন মিথেন হাইড্রেট থেকে প্রায় 170 লিটার (STP তে) মিথেন পাওয়া যায়। মিথেন হাইড্রেটকে উত্তপ্ত করলে বা ওর উপর চাপ কমালে ওর কেলাস থেকে মিথেন বেরিয়ে আসে।

49. মিথেনকে sweet gas বলা হয় কেন?

উত্তর কয়লাখনির মিথেন জ্বালানি হিসেবে ব্যবহৃত অন্যান্য গ্যাসগুলির মতো এর মধ্যে শরীর বা পরিবেশের পক্ষে বিপজ্জনক গ্যাস (যেমন H_2S) বা অন্য কোনো ক্ষতিকর রাসায়নিক উপাদান থাকে না, ফলে, এর উৎপাদনে বিশেষ সমস্যা বা বিপদের আশঙ্কা প্রায় নেই তাই মিথেনকে sweet gas বলে।

50. মিথেন হাইড্রেটকে ফায়ার আইস বলা হয় কেন?

উত্তর বরফ অণুর খাঁচা সদৃশ গঠনের মধ্যে আবদ্ধ মিথেন গ্যাস প্রকৃতিতে দাহ্য হওয়ায় মিথেন হাইড্রেট আগুনের সংস্পর্শে আসামাত্র জ্বলতে তাকে, তাই একে ফায়ার আইস বলা হয়।

51. একটি জ্বালানির জ্বলনবিন্দু 80^oC বলতে কী বোঝায়?

উত্তর উক্তিটির অর্থ হল ওই জ্বালানি 80^oC উষ্ণতায় পৌঁছালে ওর দহন শুরু হয়।

52. Fired lamp কাকে বলে?

উত্তর মিথেন গ্যাস বায়ুর সঙ্গে মিশে বিস্ফোরক মিশ্রণ উৎপন্ন করে এবং খনিতে প্রায়ই অগ্নিকাণ্ডের সৃষ্টি করে একে Fired lamp বলা হয়।

বিশেষ আগ্রহী ছাত্রছাত্রীদের জন্য প্রশ্ন

1. মন্ট্রিল প্রোটোকল কী? মন্ট্রিল প্রোটোকলের অঙ্গীকারগুলি লেখো।

2. গ্রিনহাউস প্রভাব কীভাবে জীবজগতের অস্তিত্ব রক্ষায় সাহায্য করে?

3. স্প্রে বোতল থেকে যে সুগন্ধি স্প্রে করা হয় সেটি কীভাবে পরিবেশের ক্ষতি করে?

4. মেঘাচ্ছন্ন রাত্রি উষ্ণ হয় কেন? অথবা, মেঘমুক্ত রাত্রি থেকে মেঘাচ্ছন্ন রাত্রি বেশি উত্তপ্ত হয় কেন?

CHAPTERWISE MOCK TEST

শ্রেণি: দশম

বিষয়: ভৌতবিজ্ঞান

অধ্যায়-1: পরিবেশের জন্য ভাবনা

সময় : 50 মিনিট **পূর্ণমান: 25**

1. সঠিক উত্তরটি নির্বাচন করো। **$1 \times 6 = 6$**

1.1 একটি অচিরাচরিত শক্তির উৎস হল—

(A) পেট্রোল (B) কেরোসিন (C) বায়ু (D) কয়লা

1.2 প্রদত্ত কোন্‌টি জীবাশ্ম জ্বালানি নয়?

(A) গোবর গ্যাস (B) প্রাকৃতিক গ্যাস (C) কয়লা (D) পেট্রোলিয়াম

1.3 ওজোনস্তর ধ্বংসে কোন্ গ্যাসটির ভূমিকা সর্বাধিক?

(A) CO_2 (B) CO (C) CH_4 (D) CFC

1.4 Fire ice হল—

(A) মিথেন (B) মিথেন হাইড্রেট (C) মিথানল (D) CO_2

1.5 কোন্‌টিকে জৈব মিথেন নামে অভিহিত করা হয়?

(A) বায়ো ইথানল (B) বায়োগ্যাস (C) বায়ো ডিজেল (D) গ্রিন ডিজেল

1.6 গ্রিনহাউস প্রভাব সৃষ্টিতে কোন্ গ্যাসটির প্রভাব সবথেকে বেশি?

(A) CH_4 (B) CFC (C) CO_2 (D) জলীয় বাষ্প

2. নিম্নলিখিত প্রশ্নগুলির নির্দেশ অনুযায়ী উত্তর দাও:

2.1 **দু-এক কথায় উত্তর দাও:**

বায়ুমণ্ডলের কোন্ স্তরে বেতার তরঙ্গ প্রতিফলিত হয়? 1

অথবা,

ট্রপোস্ফিয়ারের উচ্চতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে চাপ ও উষ্ণতার কীরূপ পরিবর্তন ঘটে? 1

2.2 **শূন্যস্থান পূরণ করো।**

CFC-এর সম্পূর্ণ কথাটি হল ________। 1

অথবা,

CFC-এর ________ পরমাণু, ওজোনস্তর ধ্বংসের কারণ। 1

2.3 **দু-এক কথায় উত্তর দাও:**

কোন্ রশ্মি ওজোন সৃষ্টি ও ধ্বংস এই দুটি প্রক্রিয়াতেই অংশ নেয়? 1

অথবা,

এমন একটি গ্যাসের নাম লেখো, যা একটি গ্রিনহাউস গ্যাস আবার ওজোনস্তর ধ্বংসের কারণ। 1

2.4 **সত্য/ মিথ্যা লেখো।**

জ্বালানির তাপন মূল্যের SI একক cal/kg. 1

2.5 **স্তম্ভ মেলাও:** $\frac{1}{2} \times 4 = 2$

বামস্তম্ভ	ডানস্তম্ভ
(a) ভ্যান অ্যালেন বিকিরণ বলয়	(i) থার্মোস্ফিয়ার
(b) গ্রিনহাউস প্রভাব	(ii) গ্যাসোলিন
(c) জীবাশ্ম জ্বালানি	(iii) গ্লোবাল ওয়ার্মিং
(d) মেরুজ্যোতি	(iv) ম্যাগনেটোস্ফিয়ার

2.6 **দু-এক কথায় উত্তর দাও:**

কোলবেড থেকে কোন্ জ্বালানি গ্যাস আহরণ করা হয়? 1

3. নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও: $2 \times 6 = 12$

3.1 বায়ুমণ্ডলে ওজোন গ্যাস কীভাবে সৃষ্টি হয়?

অথবা,

ওজোনস্তর ধ্বংসের দুটি ক্ষতিকারক প্রভাব লেখো।

3.2 স্থিতিশীল উন্নয়নের লক্ষ্যগুলি কী কী?

3.3 বায়োমাস শক্তি বলতে কী বোঝো?

3.4 ওজোনস্তর ধ্বংসে CFC-এর ভূমিকা আলোচনা করো।

3.5 বায়োফুয়েলের ব্যবহার লেখো।

অথবা,

গ্রিনহাউস গ্যাস নির্গমন হ্রাসে কী কী উপায় অবলম্বন করা যেতে পারে?

3.6 তাপনমূল্য কাকে বলে? প্রদত্ত জ্বালানিগুলোকে তাপনমূল্যের ঊর্ধ্বক্রমে সাজাও—

প্রাকৃতিক গ্যাস, LPG, ডিজেল, CNG।

অথবা,

ওজোনস্তর ধ্বংসে NO_x-এর ভূমিকা আলোচনা করো।

এই অধ্যায়ের প্রশ্নপত্রের উপর পরীক্ষা দিয়ে সেই উত্তরপত্রের ছবি তুলে Learning App-এ আপলোড করে দিলেই ওই প্রশ্নপত্রের Model Answer ছাত্রছাত্রীরা ডাউনলোড করে নিতে পারবে। আরও জানতে Call করো এই নম্বরে— 9903985050